REG. NO. C. 853

জঙ্গিপুর

# সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ১০ দুই পয়সা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাইতে হইবে শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

**মহাবল হালুয়া**



অশ্বগন্ধা, শতমূলী, তালমূলী, ভূঁইকুমড়, আলকুশী, সালেমমিশ্রী প্রভৃতি শ্রেষ্ঠ পুষ্টিকর ও সর্ব্বধাতুপোষক উপাদান দ্বারা প্রস্তুত—স্নায়বিক দৌর্ব্বল্য, ধাতুদৌর্ব্বল্য, শুক্রক্ষয় স্মৃতিশক্তিহীনতা, বীর্য্যতারল্য প্রভৃতি রোগের যম, বীর্য্য, মেধা ও প্রাণবিবর্দ্ধক মহৌষধ শিক্ষক ছাত্র ও মস্তিষ্ক-চালনাকারিদিগের পরম সুহৃদ্। ২০ দিন সেবনোপযোগী আধ পোয়ার মূল্য ১৲, ডাকমাশুল স্বতন্ত্র।

কবিরাজ শ্রীক্ষিতীশকুমার রায় বি, এ।
পোঃ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

১৫শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ২৫শে বৈশাখ বুধবার ১৩৩৬ ইংরাজী 4th May 1929. | ৪৬শ সংখ্যা।

# হিলিংবাম

গত ৩৫ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহোষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

**ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।**

হিলিংবাম ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রনা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না অল্পদিনে পুনরাক্রমন করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইঁহাদের সকলেরই সুখ্যাতি পত্র আমারা পাইয়াছি। আই, এম, এস,—কর্ণেল কে, পি, গুপ্ত, এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস, ইত্যাদি লেঃ কর্ণেল এন, পি, সিংহ, এম, আর, সি, পি, এম,আর, সি, এস এতদ্ভিন্ন অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

মুল্য প্রতি বড় শিশি ৩৲
" " মাঝারি শিশি ২॥০
" " ছোট শিশি ১৷০

## স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন গরম আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙ্গো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙ্গো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতিশিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫॥০
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন এণ্ড কোং**
ম্যানুঃ—কেমিষ্টস্।
১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

গুণে গন্ধে সৌরভসম্পদে
কেশরঞ্জন অদ্বিতীয়।

কে-শ-র-ঞ্জ-ন
সৌন্দর্য্য বৃদ্ধি করে।

কে-শ-র-ঞ্জ-ন
মুখকে সুন্দর করে।

কে-শ-র-ঞ্জ-ন
চুলকে খুব কা[illegible]

কে-শ-র[illegible]
কেশ পতন বন্ধ ক[illegible]




কে-শ-র-ঞ্জ-ন
চিন্তাশীলের সহায়।

কে-শ-র-ঞ্জ-ন
রমণীর অতি প্রিয়।

কে-শ-র-ঞ্জ-ন
শ্রেষ্ঠ প্রেমোপহার।

কে-শ-র-ঞ্জ-ন
সবারই নিত্য প্রয়োজন

মুল্য প্রতি শিশি এক টাকা ডাক ব্যয় সাত আনা।

কলেরায় নিরাপদ হইতে হইলে




কর্পূরারিষ্ট ঘর কারয়া রাখা উচিত।

মূল্য আট আনা মাত্র

ডাক ব্যয় স্বতন্ত্র।

**কবিরাজ নগেন্দ্রনাথ সেন এণ্ড কোং লিঃ**
আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।
১৮।১ ও ১৯নং লোয়ার চিৎপুর রোড কলিকাতা।
ম্যানেজিং ডিরেক্টার—কবিরাজ শ্রীশক্তিপদ সেন।




সর্ব্ববিধ জ্বরে ও ম্যালেরিয়ার
অব্যর্থ প্রতিকারক

কে—ব্রি—না

অনেক আশাহীন, চিকিৎসক পরিত্যক্ত রোগী ফেব্রিনা সেবনে নবজীবন লাভ করিয়াছেন। আপনার গৃহে "ম্যালেরিয়া" রোগী থাকিলে সর্ব্বাগ্রে তাহাকে এই মহৌষধটী সেবন করান। অন্য ঔষধ খাওয়াইবার আর প্রয়োজন হইবে না। আরোগ্য অব্যথ
প্রতি বড় বোতল—এক টাকা চারি আনা।
" ছোট বোতল—চৌদ্দ আনা
ডাক ব্যয় স্বতন্ত্র।

আর, সি, গুপ্ত এণ্ড সন্স,
প্রসিদ্ধ ঔষধ বিক্রেতা,
৮৪নং ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা।

বেঙ্গল আয়ুর্ব্বেদিক ওয়ার্ক্‌স্‌এর
চাঁদ মার্কা পাচন

ম্যালেরিয়া এবং অন্যান্য সর্ব্বপ্রকার জ্বরের মহৌষধ।

নূতন জ্বর এক দিনে পুরাতন জ্বর তিন দিনে আরোগ্য হয়।

ম্যালেরিয়াযুক্ত স্থানে নিয়মিত সেবনে রোগের আক্রমণ ভয় থাকে না।

সর্ব্বত্র এজেণ্ট আছে।

সোল এজেণ্টস্‌—
বসাক ফ্যাক্টরী
৩ নং ব্রজদুলাল ষ্ট্রীট
কলিকাতা

অনন্ত সুন্দরী
কাঁচা তিল তৈল

মস্তিষ্কের পুষ্টি ও কেশের কান্তি এবং
সৌন্দর্য্য বর্দ্ধনে অদ্বিতীয়।

প্রতি পাইণ্ট—৮৵০ আনা মাত্র। পাইকারী দর স্বতন্ত্র। বিক্রীর জন্য সর্ব্বত্র এজেন্ট চাই। পত্র লিখিলে বিনামূল্যে নমুনা পাঠান হয়। বায়ু ও কেশের উপকারী "খ্রী, ষ্টার" ব্রাণ্ড সুবাসিত নারিকেল ও বাদাম তৈল ব্যবহার করিয়া দেখুন।

দে ব্রাদার্স
১২৪নং শোভাবাজার ষ্ট্রীট, কলিকাতা।

সুবর্ণ সুযোগ।
MEMORY TABLET
বা
স্মৃতি বটী।

স্নায়বিক দৌর্ব্বল্য, স্মৃতিশক্তিহীনতা, অসাড়ে শুক্র পতন প্রভৃতি সম্পূর্ণ আরোগ্য হয়। একমাত্রা সেবনে স্বপ্ন-দোষ বন্ধ হয়। দশ দিনের সেবনোপযোগী এক কৌটার মূল্য মাশুল সমেত ১৷০ পাঁচ সিকা।

এজেণ্ট্‌স্‌ঃ—
এন, গাঙ্গুলী এণ্ড কোং
পোঃ রঘনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

"আজি আসিয়াছ ভুবন ভরিয়া
গগনে ছড়ায়ে এলোচুল"





রেড ক্রশ
ক্যাষ্টর অয়েল
NATURE'S OWN HAIR GROWER

সর্ব্বত্র পাওয়া যায়।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

২৫শে বৈশাখ বুধবার ১৩৩৬ সাল।

## জাগরণ।

—০—

"দেশ জেগেজে", "দেশ জেগেছে", এই যে একটা বিরাট রব চারিদিকে উঠেছে, এতে ভয়ের যতটা কারণ আছে, আনন্দের ততটা কারণ নাই। সুস্থ সবল স্বাধীন জাতির নিদ্রাভঙ্গ এক রকম। দুর্ব্বল ভীরু পরাধীন জাতির নিদ্রাভঙ্গ অন্য রকম। রোগী ও মাতালের ঘুম ভাঙ্গিলে তাদের সুপ্ত বেদনা মাথার ভিতরে এমন যন্ত্রণাদায়ক অনুভূতির সৃষ্টি করে যে, তাতে তারা দুঃসহ কষ্ট পায়। চিকিৎসক সেই জন্য রোগীকে নিদ্রাভঙ্গের পরে ঔষধ সেবন করায়। মাতাল নিদ্রাভঙ্গে খোঁয়াড়ি কাটাইবার জন্য গরম পেগ সেবন করিতে বাধ্য হয়। অসময়ে অস্বাভাবিক উপায়ে নিদ্রাভঙ্গ করিলে প্রবুদ্ধ ব্যক্তির স্বাস্থ্যহানি হইয়া থাকে। আমরা যেটাকে জাতীয় জাগরণ মনে করিয়া আনন্দে চীৎকার করিতেজি সেই জাগরণ তাড়নার ফল কুম্ভকর্ণের অসময়ে নিদ্রাভঙ্গের চেয়েও বিশ্রী ব্যাপার। কুম্ভকর্ণ কয়েক মাস মাত্র নিদ্রা যাইত। আমরা যে প্রায় হাজার বৎসর নিদ্রাভিভূত ছিলাম! আমাদের এই দীর্ঘ কালব্যাপী নিদ্রা সুস্থ ও সবল জাতির নিদ্রা নহে। দুর্ব্বল ভীরু পরাধীন জাতির নিদ্রা। অনৈক্য ও ধর্ম্মহীনতার মরফিয়া শাণিত অস্ত্রমুখে আমাদের রক্তের সঙ্গে মিশিয়া গিয়াছে। আমরা যাহাতে চিরনিদ্রিত থাকি তাহার ব্যবস্থাও আমাদের দেশের শাসনকর্ত্তারা শতাব্দীর পর শতাব্দী করিয়া আসিতেছেন। মুসলমান সভ্যতা আমাদিগকে নিদ্রিতাবস্থায় নূতন ধরণের বিলাসিতায় পাশ্চাত্য সভ্যতার বশীভূত হইয়াছি। সেই জন্য যাহাকে আমরা জাগরণ মনে করিতেছি তাহা সমাজকে সম্পূর্ণরূপে নিস্তেজ করিয়া ফেলিয়াছে। অবসাদ আমাদিগকে বিলাসিতার বাসর শয্যায় যেন বাঁধিয়া রাখিয়াছে। ঘরে আগুন লাগিলে মানুষ যখন জাগিয়া উঠে তখন কি তাহারা আগুন নিভাইবার চেষ্টা না করিয়া নাচ গান থিয়েটার বায়স্কোপ আরম্ভ করিয়া দেয়? আমাদের তথাকথিত নেতারা বিকাল বেলা তিন টাকা দামের খদ্দর পরিধান করিয়া বক্তৃতামঞ্চে জাগরণের অভিনয় করিতেছে, কিন্তু বাটীতে ফিরিয়া আসিয়া সারারাত্রি হাজার টাকা মূল্যের ফ্রেঞ্চ সিল্কে প্রস্তুত শয্যায় শুইয়া সুখের স্বপ্ন দেখিতেছে। নিদ্রিতাবস্থায় আমরা বদ্ধ কারাগৃহের বিষাক্ত বায়ুতে পূর্ব্বেকার স্বাস্থ্য হারাইয়াছি। জাগরণের স্বাভাবিক ধর্ম্ম মানুষকে নূতন শক্তি প্রদান করে। নিদ্রাবসানে সে কর্ম্মক্ষেত্রে দৌড়িয়া গিয়া দেহ ও মনকে শ্রমশীল কার্য্যে ব্যাপৃত করিয়া রাখে। যেটাকে আমরা জাগরণ বলিয়া আস্ফালন করিতেছি সেটা বাস্তবিক জাগরণ নহে। এখনো যে আমাদের চোখে বিলাসিতার নেসা বিজড়িত হইয়া রহিয়াছে। যে শুভ পরিবর্ত্তনের সঙ্গে চক্ষুর স্বাভাবিক দৃষ্টি ফিরিয়া আসিবে তাহা অনেক সাধনা, অনেক ত্যাগের ফল আমাদের জাতীয় জীবনে যখন সেই শুভ পরিবর্ত্তন সংঘটিত হইবে তখন আমরা আর ঘরে বসিয়া থাকিতে পারিব না। বাঙ্গলার দেশ-জোড়া কর্ম্মক্ষেত্রে তখন আমরা ঝাঁপাইয়া পড়িব। যথার্থ জাগরণ যে কি তখন আমরাও বুঝিব, জগতের লোকেও বুঝিবে। এখন যে জাগরণের অভিনয় আমরা করিতেছি তাহার চিত্র কবি নবীন সেন অঙ্কিত করিয়া গিয়াছেন। পলাশীর রণক্ষেত্রে যখন বাঙ্গলার স্বাধীনতা অস্তমুখী হইয়াছিল সিরাজদৌল্লা তখন আমাদের মতই জাগিয়াছিলেন ও আমাদের মতই বলিয়াছিলেন—

"চলুক চলুক নাচ টলুক চরণ;
উড়ুক কামের ধ্বজা, কালি হবে রণ।"

---

## সেকাল ও একাল।

—:০:—

[illegible] কি সে দিন হায়!
আছে গো মেদিনী তলে?
[illegible] মমতা সরলতা,
হ'য়েছে কথার কথা;
এখন পরের দুঃখে ভাসে কেবা আঁখি জলে।
হেরিয়া পরের ব্যথা, ব্যথা পায় হৃদিতলে।

আর কি সে দিন হায়!
আছে গো মেদিনী তলে?
দানিতে দুঃখীরে সুখ,
কে থাকে হ'য়ে উন্মুখ?
কে থাকে পাতিয়া বুক বিপন্নেরে লইতে কোলে?
করে কি সান্ত্বনা কেহ সামান্য মুখের বোলে?

কোথা দাতা শিরোমণি—
কর্ণ পদ্মাবতী-নাথ?
কোথা সে অর্জ্জুন বীর—
ধর্ম্মশীল যুধিষ্ঠির?
কোথা সাধ্বী পতিপ্রাণা মৈথিলী সুবর্ণলতা?
আছে কি সে অনুপম ভ্রাতৃ মিত্র বৎসলতা?

জগৎ এখন বাঁধা
কেবল অর্থের পাশে,
যে কার্য্য সাধিতে যাই,
অর্থেরে প্রথমে চাই,
তা না হ'লে সত্য ধর্ম্মে অধর্ম্ম সকলে কয়।
অধর্ম্মেরে ধর্ম্ম বলি সমাজে ঘোষিত হয়॥

এ যুগে লালসা অন্ধ,
নেহারি সমাজে সদা;
অনাথ দরিদ্রগণে,
করে ব্যস্ত প্রপীড়নে;
হেরিতে নিরীহ জাতি সতত উৎসুক থাকে।
তোলে রক্ত রাঙা আঁখি হেরিলে সামান্য পাকে॥

বিন্দু মাত্র ধর্ম্ম সনে,
না রাখে মিলন কভু;
করি লক্ষ পাপাচার,
নাহি যায় জাতি তার,
যদি সমাজের করে, ক'রে গুপ্ত অর্থদান।
হয় সে ধরায় খ্যাত ধর্ম্মশীল নিষ্ঠাবান॥

হায়! কি দুঃখের কথা,
কি বিষম অবনতি!
"দীনের শোণিত পান,"
কে করিল এ বিধান?
হইয়াছে রীতিচ্ছলে অসংখ্য উপায় তার।
হইল বিবাহ দায় বঙ্গে ক্রমে তনয়ার॥

গৃহলক্ষ্মী-রূপে যারে
আনিবে বরণ করি;
লবে তার তরে পণ,
পবিত্র দৃশ্য কেমন,
দম্পতি-মিলন মরি! অবিচ্ছিন্ন মধুময়।
করে কলুষিত তারে করি ধন-বিনিময়॥

শিক্ষিত নন্দন আজি
না মানে পিতার কথা,
মুখে মুখে প্রত্যুত্তর,
পিতৃভক্তি কি সুন্দর!—
বিদেশীয় পরিচ্ছদে সুসজ্জিত কলেবর।
ভুলিয়াছে মাতৃভাষা কহে ভাষা অন্যতর॥

না মিলে মায়েরে দিতে
সামান্য তণ্ডুল-কণা;
প্রেয়সী জায়ার তরে,
গন্ধদ্রব্য থরে থরে;
থাকে পাটরাণী-সমা বিলাস পুস্তক নিয়ে।
রাধেন জননী বৃদ্ধা রন্ধন আগারে গিয়ে॥

ঘরে ঘরে কুললক্ষ্মী
ক'রেছেন কি সুসাজ;
বাঁধিতে অলক রাশি,
বরাঙ্গ সাজা'তে হাসি,
অলঙ্কার-পারিপাট্য হ'য়েছে নবীনতর।
বিমুক্ত অবগুণ্ঠনে বিচরে মটরোপর॥

নাহিক সম্প্রীতি আর
ভ্রাতৃবধূ ননদির;
সত্যভামা সুভদ্রায়,
কি প্রীতি মাখানো গা'য়;
সে দৃশ্য ভারতে হায়! হইয়াছে অন্তরিত।
স্বপ্নসম হৃদিকোণে মুহূর্ত্তে হয় উদিত॥

কোথায় সে বধূপ্রাণা
কৌশল্যা শাশুড়ী মরি!
জটিলা কুটিলা আসি,
ল'য়েছে সে সব গ্রাসি;
অনাবিল স্নেহ মাঝে করিছে বিদ্বেষ বাস।
দেখিলে বধূর দুঃখ বহে নাকো দীর্ঘশ্বাস!

হের আসি লোপামুদ্রা!
হে সুনীলে! চন্দ্রাননা!
তোমাদের লীলা স্থান;
আর্য্যভূমি সুমহান;
বিলাস পঙ্কিল-স্রোতে হইয়াছে ভাসমান।
আর্য্য মহিলার আজি দেবী মূর্ত্তি অবসান॥

গন্ধদাম বিমণ্ডিত
কমনীয় তনুখানি,
পড়ে ঢলি পরিশ্রমে,
নাহি পারে কোন ক্রমে;
অমাময় দশদিশি হেরিলে রন্ধনালয়।
অন্নদারে পুরাঙ্গনা করে শঙ্কা অতিশয়॥

হবে নাকি চারুশীলা
বধূ গুণবতী আর?
কোথা যাজ্ঞসেনী সতী,
শ্বশ্রূপদে ভক্তিমতী;
সে কি শুধু উপাখ্যান, নাহি কিছু মূল্য তার?
কেননা প্রয়াসে তার আদর্শতা লভিবার?
অনুভবে ধর্ম্ম পত্নী
অনুচিত পতিসেবা;
পতি করে গৃহ কাজ,
জায়ার মোহিনী সাজ,
স্বামীও কর্ত্তব্যহীন সহধর্ম্মিনীর প্রতি।
বলি তাই সে কালের নাহি রাম, সীতা-সতী॥
দেবতা বিপ্রের দেখ
অবহেলা ঘরে ঘরে;
যাহাদের ব্রহ্ম দাপে,
ক্ষিতি ইন্দ্রাসন কাঁপে;
প্রমাণ অগণ্য শাস্ত্রে রহিয়াছে বিস্তারিত।
সে মহা ক্ষমতা কেন হইয়াছে বিলোপিত?
ধন্য ধন্য সে যুগের
সীমন্তিনী নরচয়।
অনায়াসে হাস্য ভরে,
অঙ্গুষ্ঠচ্ছেদন করে,
সভক্তি দক্ষিণারূপে অর্পিতে গুরুর পায়।
নেহারি ভুবনত্রয় বিস্ময়ে চমকি যায়॥
ভুলিলে কি আর্য্যবৃন্দ
ভুলিলে কি একেবারে?
হও কা'র বংশধর,
কর রক্তে কলেবর?
কেশরী-সন্তান হ'য়ে ভীরুসম আচরণ।
পরমুখাপেক্ষী হ'য়ে রহিয়াছ অনুক্ষণ॥
ভারত বাসিনি! সবে
দেখগো স্মরণ করি;
যে দেশের কীর্ত্তি চয়
বিস্তৃত ব্রহ্মাণ্ডময়;
করিলা যেখানে খেলা উমা-খনা-লীলাবতী।
সেই পূত জন্মভূমি তোমাদের, জেনো সতি!
স্তম্ভিত নিখিল নেত্র
যে বামার কার্য্য হেরি;
হয় কি বাসনা তারে,
বিলোপিত করিবারে?
জাগ আর্য্য! আর্য্য বামা ঝলকিয়া বিভা রাশি।
সঞ্চারিছে যে তিমির যাইবে নিমিষে নাশি॥
অতুল্য সহস্র দ্রব্য
থাকিতে আপন বাসে;
পরের দুয়ারে যেয়ে,
কেন ফির চেয়ে চেয়ে?
আমাদের ঘরে যাহা আছে কি অন্যের তরে?
"আর না চাহিব" সবে করো পণ এইবারে।
ফিরিবে সেদিন পুনঃ
ফিরিবে ভারতাকাশে।
হাসিবে শারদ ইন্দু,
বহিবে আবেগে সিন্ধু,
দ্বিতীয় পাণ্ডবপক্ষ উদিবে পাঞ্চালী সনে।
অনায় ভূমির পানে নিরখি পূর্ব্ব নয়নে॥

---

খারিওয়ালের নিকট একখানা মোটর লরী ও ট্রেণ সঙ্ঘর্ষে ৪ জন লোক নিহত ও ৯ জন লোক আহত হইয়াছে।

---

হাজী করিম বক্স নামে এক ৬০ বৎসর বয়স্ক বৃদ্ধ হাজী ৭।৮ বৎসরের একটী বালিকাকে পড়াইত। একদিন সে বালিকাকে একটী ঘরে ডাকিয়া লইয়া তাহার উপর পাশবিক অত্যাচার করে। হাজী ৪ বৎসরের সশ্রম কারাদণ্ডে দণ্ডিত হইয়াছে।

---

## অপূর্ব্ব মিলন।

(বড় গল্প)

শ্রীঅমিয়ময় দাস, বি, এ।

(পূর্ব্ব প্রকাশিতের পর)

(৭)

কিছুদিন পরে সুস্থ হয়ে শুনলাম—দুলালীকে বিভার মাতা খুব যত্ন করেছেন, সেও আরোগ্য হয়ে উঠেছে।

আমি এখন শরীরে বল পেয়েছি। দু' এক পা চল্‌তেও পারছি। আজ ভোরের হাওয়া গায়ে লাগতে ঘুম ভেঙ্গে গেল। উঠে বাগানের মধ্যে বেড়াতে গেলাম। ভোরের বেলায় বাগানে শত শত শিউলি ফুল ফুটে সারা বাগানকে সাদা কাপড়ে মুড়ে দিয়েছে। মাঝে মাঝে দমকা হাওয়া বকুল ফুলের গন্ধ নিয়ে আমার দুর্ব্বল শরীরকে সবল করে তুল্‌ছে। নানা প্রকার পাখীর শব্দে চতুর্দ্দিক মুখরিত করেছে। পাহাড়ের মাথা হতে তরুণ তপন ধীরে ধীরে উঠে তরুণী উষাকে সযত্নে বুকের মাঝে রেখে হাসতে হাসতে কিরণ বিকশিত করছে। এই প্রথম কিরণ অদূরে ঐ ছোট নদীর উপর পড়ে চোখকে ঝলসিয়ে দিয়ে আমার মনের মধ্যে এই অল্প দিনের অদ্ভুত ঘটনাগুলোকে নূতন করে জাগিয়ে দিলে। সেইগুলোকে ভাবতে যেয়ে আমি কেমন শিউরে উঠলাম।

"কি—চম্‌কে উঠলেন যে?"

"কে? ও দুলু! এত সকাল বেলায় যে? এখন বেশ ভাল আছ? ঘা শুকিয়ে গেছে?"

"এ হতভাগিনীর আর ভাল না থেকে উপায় আছে? আপনি কেমন আছেন বলুন?"

"দুলু! নিজেকে অত ছোট করে দিও না। তোমাকে দেখে আমার বল আসে। তোমার অদ্ভুত সাহস দেখে আমি আশ্চর্য্য হয়ে গেছি। তোমার এই পবিত্র হস্তদ্বয় বার বার আমার শরীরকে আসন্ন বিপদ হতে রক্ষা করেছে।"

"আমি কি করেছি বলুন? কিছুই করি নাই। আপনি এই হতভাগিনীর জন্য কত কষ্ট করেছেন। আপনার ঋণ আমি জীবনেও ভুলতে পারবো না।" বলতে বলতে দুলালী আমাকে প্রণাম কর্‌লে। সেই সময়ে তার চোখের এক ফোঁটা গরম জল আমার পায়ের [illegible] হৃদয়ের সমস্ত তারগুলোকে ঝঙ্কৃত করে [illegible] তাড়াতাড়ি তার সুগোল হাত দুটী ধরে [illegible] এমন সময়ে তুহীন এসে পড়ল।

আমি বড়ই অপ্রস্তুতে পড়লাম। সেই সময়ে [illegible]জ্জায় দুলালীর গণ্ড রক্তিম হয়ে উঠল। একদৃষ্টে তার দিকে চেয়ে রইলাম। দেখলাম—সূর্য্যের রশ্মি বকুল গাছের ফাঁক দিয়ে তার ডালিম ফুলের মত ঠোঁটের উপরে পড়ে আরও উজ্জ্বল করে দিলে। ঠিক সেই সময়ে সকলের নিস্তব্ধতা ভেদ করে একটা দুষ্ট পাখী গাছের উঁচু ডালে বসে ডাকতে লাগলো—"বৌ কথা কও, বৌ কথা কও।"

সমাপ্ত।

---


## ব্যানার্জ্জী আর্ট গ্যালারী।

প্রিয়জনের স্মৃতি চিরজাগরূক রাখিতে হইলে কালক্ষেপ না করিয়া অদ্যই একখানা ফটো তুলিয়া লউন, বিলম্বে আপশোষ করিতে হইবে। আমরা অতিশয় যত্নসহকারে ব্রোমাইড এনলার্জমেণ্ট ৫০ ইঞ্চি পর্য্যন্ত করিয়া থাকি। অর্ডার পাইলে মফঃস্বলে গিয়া ফটো তুলিয়া আসি। মূল্য বাজার অপেক্ষা অনেক কম। স্কুলের ছেলে, শিক্ষক ও সাধারণ সভা সমিতির ফটো সুবিধায় তুলিয়া থাকি। ইহা ছাড়া সকল রকম ছবি বাঁধাই ও সকল রকম অক্ষরে সাইনবোর্ড লেখা হয়। নিম্নঠিকানায় আসিলে বা পত্র লিখিলে সমস্ত দর জানিতে পারিবেন।

বিনীত—অম্বিকাচরণ বন্দ্যোপাধ্যায়।
ফটোগ্রাফার (গোল্ড-মেডেলিষ্ট)
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ


---

# ট্রেণের সময়।

### পশ্চিমাভিমুখে।

| | ৫৫ নং হাওড়া সাহেবগঞ্জ প্যাঃ। | | ৫৩ নং হাওড়া ভাগলপুর প্যাঃ। | |
|---|---|---|---|---|
| | ঘ | মি | ঘ | মি |
| হাওড়া | ৬ | ৩০ | ১৯ | ১২ |
| ব্যাণ্ডেল | ৮ | ২৫ | ২০ | ৩১ |
| কাটোয়া | ১১ | ৫০ | ২৩ | ৫৬ |
| খাগড়াঘাট | ১৩ | ৩৩ | ১ | ২৭ |
| আজিমগঞ্জ | ১৪ | ১০ | ২ | ১ |
| মনিগ্রাম | ১৪ | ৪৬ | ২ | ৩৬ |
| গনকর | ১৪ | ৫৯ | ২ | ৪৯ |
| জঙ্গিপুর রোড | ১৫ | ১৩ | ৩ | ০ |
| নিমতিতা | ১৫ | ৪৩ | ৩ | ২৮ |
| ধুলিয়ান | ১৬ | ৯ | ৩ | ৫১ |
| বারহারোয়া | ১৬ | ৫৬ | ৪ | ৩২ |

### কলিকাতাভিমুখে।

| | ৫৬ নং সাহেবগঞ্জ হাওড়া প্যাঃ। | | ৫৪ নং ভাগলপুর হাওড়া প্যাঃ। | |
|---|---|---|---|---|
| | ঘ | মি | ঘ | মি |
| সাহেবগঞ্জ | ৩ | ২০ | ১৭ | ৩৯ |
| বারহারোয়া | ৫ | ১৫ | ১৯ | ২০ |
| ধুলিয়ান | ৬ | ৬ | ২০ | ১১ |
| নিমতিতা | ৬ | ১৯ | ২০ | ২৪ |
| জঙ্গিপুর রোড | ৬ | ৫১ | ২০ | ৫৫ |
| গনকর | ৭ | ৩ | ২১ | ৫ |
| মনিগ্রাম | ৭ | ১৮ | ২১ | ১৮ |
| আজিমগঞ্জ | ৮ | ৭ | ২২ | ৫ |
| খাগড়াঘাট | ৮ | ৩২ | ২২ | ৩৭ |
| কাটোয়া | ১০ | ২৫ | | ৫১ |
| ব্যাণ্ডেল | ১৩ | ৫৯ | ৪ | ৫০ |
| হাওড়া | ১৫ | ৪৫ | ৬ | ২৮ |

---

## রেল ওমনিবাস সার্ভিস।

### খাগড়াঘাট অভিমুখে।

| | প্রথম বার | | দ্বিতীয় বার | |
|---|---|---|---|---|
| | ঘ | মি | ঘ | মি |
| বারহারোয়া | ০ | ১৫ | ১২ | ২০ |
| ধুলিয়ান | ১ | ৫ | ১৩ | ১৩ |
| নিমতিতা | ১ | ২৪ | ১৩ | ৩২ |
| জঙ্গিপুর রোড | ২ | ৪ | ১৪ | ১০ |
| গনকর | ২ | ১৭ | ১৪ | ২৪ |
| মনিগ্রাম | ২ | ৪০ | ১৪ | ৫০ |
| আজিমগঞ্জসিটি | ৩ | ২৪ | ১৫ | ৩৩ |
| আজিমগঞ্জ জং | ৩ | ৪৯ | ১৫ | ৩৯ |
| খাগড়াঘাট | ৪ | ১৩ | ১৬ | ২ |

### বারহারোয়া অভিমুখে।

| | প্রথম বার | | দ্বিতীয় বার | |
|---|---|---|---|---|
| | ঘ | মি | ঘ | মি |
| খাগড়াঘাট | ৭ | ২০ | ১৭ | ১৬ |
| আজিমগঞ্জ জং | ৭ | ৫৬ | ১৭ | ৪০ |
| আজিমগঞ্জসিটি | ৮ | ২ | ১৭ | ৪৬ |
| মনিগ্রাম | ৮ | ৪৩ | ১৮ | ২৯ |
| গনকর | ৮ | ৫৮ | ১৮ | ৫৫ |
| জঙ্গিপুর রোড | ৯ | ১০ | ১৮ | ৫৯ |
| নিমতিতা | ৯ | ৪৭ | ১৯ | ৩৭ |
| ধুলিয়ান | ১০ | ৫ | ২০ | ৬ |
| বারহারোয়া | ১০ | ৫০ | ২০ | ৫৩ |

## বাঙ্গলা ভাষায় এই ধরণের পাক্ষিক পত্রিকা এই সর্ব্বপ্রথম

## "স্বায়ত্ত শাসন"

জেলাবোর্ড মিউনিসিপ্যালিটি লোকাল ও ইউনিয়ন বোর্ড সংক্রান্ত যাবতীয় সংবাদ, সর্ব্বসাধারণের অভাব অভিযোগ, ইউনিয়ন বেঞ্চ কোর্টের মোকদ্দমার বিবরণ, সরকারী ইস্তাহার ও হুকুমনামা প্রভৃতিতে সুসজ্জিত হইয়া—

বার্ষিক মূল্য সডাক
তিন টাকা

আগামী বৈশাখে
(সন ১৩৩৬ সাল)
বাহির হইতেছে।

গ্রাহক হইবার জন্য
আজই পত্র লিখুন।

অভিজ্ঞ ও সুযোগ্য ব্যক্তিগণ দ্বারা পরিচালিত। প্রত্যেক এলাকা হইতে সংবাদদাতা ও এজেন্টের আবশ্যক। জ্ঞাতব্য বিষয় জানিবার জন্য আজই পত্র লিখুন।

বিশেষ দ্রষ্টব্য—বাঙ্গলা দেশের লাইব্রেরীগুলিকে অর্দ্ধমূল্যে গ্রাহক শ্রেণীভুক্ত করা হইবে।

EXPERT ADVERTISING AGENCY
46/1, Durga Charan Mitra Street,
Sole Agents for Advertisement.

প্রকাশক—
চন্দ্র এণ্ড কোং
২৩।এ, ওয়েলিংটন ষ্ট্রীট, কলিকাতা।



সঙ্গীত সাধনার যোগ্যতম উপাদান

## গোল্ড মেডেল হারমোনিয়ম



প্রত্যেক পর্দ্দার এক একটী নিখুঁত সুর গায়কের হৃদয়ের আবেগের সঙ্গে মিশে গিয়ে সঙ্গীতকে আরও মধুর করে তোলে, আর সেই সুরে শ্রোতার হৃদয়তন্ত্রী সমভাবে ঝঙ্কৃত হ'য়ে উঠে।

পত্র লিখিলে ক্যাটলগ পাঠান হয়।

ন্যাশন্যাল হারমোনিয়ম কোং
৮এ, লালবাজার ষ্ট্রীট, কলিকাতা।

তারের ঠিকানা—'মিউনিসিয়ানস' ফোন—কলিকাতা ৩৯৫৮



## —সুরবল্লী [illegible]য়—

—সুস্বাদু, খেতেও [illegible]নাই—

### দৌর্ব্বল্য

রুগ্ন ও দুর্ব্বল ব্যক্তিদের জন্য সুরবল্লী কষায় বিশেষ উপযোগী কারণ এই সালসায় এমন সব উপাদান আছে যা'তে স্নায়ু ও মাংস-পেশী বলিষ্ঠ ও পরিপুষ্ট হয়। প্রত্যেক শিশির সঙ্গে মাত্রা ও পথ্যা-পথ্যের ব্যবস্থা দেওয়া আছে।

### চর্ম্মরোগ

খোস পাঁচড়া চুলকানি ইত্যাদি রোগে দূষিত রক্ত পরিষ্কারের জন্য সালসা ব্যবস্থা হ'লে সুরবল্লী কষায় ব্যবহার করবেন। এই সালসা সম্পূর্ণ দেশীয় উপাদানে প্রত্যেক দিন আমাদের ঔষধালয়ে প্রস্তুত হয়।

সুরবল্লী কষায়
সব ডাক্তারখানায় পাওয়া যায়।
এক শিশি ১৷৹ টাকা
তিন শিশি ৩৵০ আনা
ডাকমাশুল স্বতন্ত্র।

সি, কে, সেন এণ্ড কোং লিঃ,
২৯, [illegible]টোলা,
কলিকাতা।



## 'সত্যের জয়'

## "মোহিনী"

### বিড়ির নকল হাইকোর্টের বিচারে বন্ধ হইল

বর্ত্তমান সমন্বয়ের যুগে, জনসাধারণ ব্যক্তি বা বস্তু বিশেষের আদর করেন না; গুণেরই সমাদর করিয়া থাকেন। বিড়ী অনেকেই প্রস্তুত করিয়া বাজারে চালাইতেছেন, কিন্তু ভারতবর্ষের প্রতি নগরে বা সুদূর পল্লীতে "মোহিনী" বিড়ীর ন্যায় সমাদর আর কোন বিড়ী এ পর্য্যন্ত লাভ করে নাই। ইহার কারণ মোহিনী বিড়ীর ন্যায় সুন্দর সুস্বাদু ও স্বাস্থ্যকর বিড়ী আর নাই। দরিদ্র বা অশিক্ষিত লোকের ত কথাই নাই, এই বিড়ী ধনী, শিক্ষিত যুবক, বৃদ্ধ সকলেরই অতি আদরের সামগ্রী এবং সকলেই বিলাতী সিগারেট ফেলিয়া ব্যবহার করিয়া থাকেন। মোহিনী বিড়ীর অসাধারণ বিক্রয়াধিক্য দেখিয়া প্রতারকগণ আমাদের মোহিনী লেবেল নকল করিয়া অতি নিকৃষ্ট বিড়ীতে লাগাইয়া মোহিনী নামে কলঙ্কারোপ এবং সাধারণের স্বাস্থ্যের এবং আমাদের স্বার্থের সমূহ ক্ষতি করিতেছিল। সহৃদয় গ্রাহকগণ এ বিষয়ে আমাদের মনোযোগ আকর্ষণ করায় অনন্যোপায় হইয়া নকলকারী ভাইলাল ভিকাভাই এণ্ড কোং এবং রোমজান আলীর (ভোলামিঞা এণ্ড কোম্পানীর) বিরুদ্ধে আমরা আইনের আশ্রয় গ্রহণ করিয়াছিলাম। শ্রীভগবানের কৃপায় এবং মহামান্য হাইকোর্টের সুবিচারে সম্পূর্ণরূপে সপ্রমাণিত হইয়াছে যে আমরাই মোহিনী বিড়ীর একমাত্র প্রস্তুতকারক এবং স্বত্বাধিকারী। উক্ত ভাইলাল ভিকাভাই এণ্ড কোং ও রোমজান আলীর (ভোলামিঞা এণ্ড কোং'র) প্রতি মহামান্য হাইকোর্ট হইতে এরূপ চিরস্থায়ী নিষেধাজ্ঞা (Permanent injunction) প্রচারিত হইয়াছে যে যদি উহাদের কেহ আমাদের মোহিনী বিড়ীর লেবেলের অনুকরণ বা নকল লেবেল দিয়া কোন বিড়ী বাজারে প্রচলন করে তাহা হইলে আইনানুসারে দণ্ডনীয় হইবে। সুতরাং সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে যদি কেহ আমাদের মোহিনী বিড়ী লেবেলের কোনও নকল লেবেল ব্যবহার করেন—তাহাতে মোহিনী নাম, মোহিনী লেবেলের ছবি কিম্বা ২৪৭ নম্বর একক বা একসঙ্গে বা অন্য কোনও কথা, অক্ষর বা নম্বরের সহিত থাকুক বা না থাকুক—তিনিই আইনানুসারে দণ্ডনীয় হইবেন।

সহৃদয় গ্রাহকগণ ক্রয়কালীন মোহিনী লেবেল, ২৪৭নং এবং আমাদের নাম দেখিবা লইবেন। সন্দেহ হইলে দয়া করিয়া জানাইলে বিশেষ বাধিত হইব এবং নকল লেবেল ধরাইয়া দিলে বিশেষ পুরস্কৃত করিব। নিকটস্থ কোনও দোকানে যদি মোহিনী বিড়ী না পান আমাদিগকে জানাইলে মোহিনী বিড়ী সরবরাহের সুবন্দোবস্ত করিয়া দিব।

বিনয়াবনত—
মুলজি সিক্কা এণ্ড কোং
হেড আফিস:—৫১নং এজরা ষ্ট্রীট, কলিকাতা।
ফ্যাক্টরী:—মোহিনী বিড়ী ওয়ার্কস, গোণ্ডিয়া, (সি পি,)

বিনা মূল্যে ! বিনা মূল্যে !! বিনা মূল্যে !!!

## শ্বেতকুষ্ঠ (ধবল)



আমাদিগের আফিসে আসিয়া দেখাইলে বিনা মূল্যে শ্বেত কুষ্ঠের একটী ছোট সাদা দাগ আরাম করিয়া দেওয়া হয়। ।০ চারি আনা পাঠাইলে নমুনা স্বরূপ ঔষধ ডাকযোগে পাঠান হয়। মূল্য ছোট শিশি ২৲ টাকা। বড় শিশি ৫৲ টাকা। ডাকমাশুল ১ হইতে ৩ শিশি ।৴০ পাঁচ আনা।

গলিত কুষ্ঠের রোগীকেও পত্রের দ্বারা আরোগ্য করা হয়।

## জ্বরের জন্য সুমিষ্ট ঔষধ।



অতি সুমিষ্ট। অতিশীঘ্র জ্বর আরোগ্য হয় এবং বলবৃদ্ধি করে।

### সুমিষ্ট প্রাণসঞ্জীবনী।

এক দিনেই সর্ব্ব প্রকার জ্বর আরোগ্য করিয়া দেহে বলবৃদ্ধি করে এবং ক্ষুধা বৃদ্ধি ও দাস্ত পরিষ্কার পূর্ব্বক সাত দিনের মধ্যে শরীরে বল ও স্ফূর্ত্তি আনয়ন করে। ৭ দিন ব্যবহারোপযোগী ঔষধের মূল্য ॥৴০ আনা। ১৬ দিন ব্যবহারোপযোগী ঔষধের মূল্য ১৲ টাকা। ডাকমাশুল ১ হইতে ৩ শিশি ।৴০ আনা।



## বৃদ্ধ কেন?

### রাজবৈদ্য চুলের কলপ।



লাগাইলে সাদা চুল ঘোর কাল, মসৃণ ও চিক্কণ হয় এবং অনেক দিন পর্য্যন্ত ভ্রমরের ন্যায় কাল থাকে। মূল্য বড় শিশি ১৷৴০ টাকা। ছোট শিশি ॥৴০ আনা। ডাকমাশুল ১ হইতে ৩ শিশি ।৴০ আনা। চারি আনা পাঠাইলে নমুনার শিশি বিনা খরচে পাঠান হয়।

**রাজবৈদ্য শ্রীবামনদাসজী কবিরাজ।**

১৫২, হারিসন রোড, বড়বাজার, কলিকাতা।

তার পাঠাইবার ঠিকানা—"রাজবৈদ্য", কলিকাতা।

MOTOR CARS



MOTOR BUS

## THE NEW FORD.

### নূতন মডেল ফোর্ড কার

এবারে আসিয়াছে।

ইহাতে স্পোক হুইল, চারি চাকায় ব্রেক ও শক্ এবজরভার এবং গিয়ারযুক্ত ইহার ডিজাইন সম্পূর্ণ নূতন। সম্মুখে পশ্চাতে বাম্পার, স্পীডোমিটার, মাইল মিটার, আম্ মিটার, পেট্রল মিটার, ষ্টপ লাইট, ড্যাস লাইট ইত্যাদি নানারূপ নূতনতর ফিটিংস্ দ্বারা সুসজ্জিত।

এরূপ সর্ব্বসুন্দর গাড়ী এত অল্প দামে ইতিপূর্ব্বে কখনও বিক্রয় হয় নাই।

ইহা ৪০ ঘোড়ার ক্ষমতাযুক্ত, ঘণ্টায় ৬০ মাইল স্পীড্ এবং এক গ্যালন পেট্রলে ৩০ মাইল রাস্তা যাইবে।

দাম—২৪৫০৲ টাকা। কিস্তি করিয়া টাকা দিবার উত্তম ব্যবস্থাও আছে।

বিস্তারিত বিবরণের জন্য স্থানীয় এজেণ্টস্‌কে পত্র লিখুন বা এখানে আসিয়া গাড়ীতে চড়িয়া স্বয়ং পরীক্ষা করিয়া দেখিতে পারেন।

Ford SALES AND SERVICE

**বনয়ারীলাল মুখার্জ্জী এণ্ড সন্স।**

খাগড়া পোঃ (মুর্শিদাবাদ)

## বিশুদ্ধ বাদাম তৈল

এই বাদাম তৈলে কোন প্রকার খনিজ তৈল (হোয়াইট অয়েল) মিশ্রিত নাই। যত প্রকার বাদাম তৈল বাজারে চলিতেছে তার মধ্যে আমাদের বাদাম তৈল সর্ব্বাপেক্ষা উত্তম। প্রত্যেক শিশি ও বোতলের গায়ে লাল লেবেলে ৫০০৲ টাকা পুরস্কার দেওয়া আছে। কেহ আমাদের বাদাম তৈলে ভ্যাজাল বাহির করিতে পারিলে ঐ টাকা পুরস্কার দেওয়া হবে। ক্রয়কালিন আমার নামযুক্ত লেবেল দেখিয়া লইবেন।

**ডি, এন, ভট্টাচার্য্য এণ্ড সন্স**

৩।১৩৩ মুর্গিহাটা, কলিকাতা।

শতপুটের

## লৌহ ও অভ্রভস্ম

।১০ পোয়া ২৲ টাকা।

**অজীর্ণে**—ভাস্কর লবণ ।৶০ পোয়া ৸০ আনা। মহাশঙ্খবটী ৫০ বটী ।০ আনা, রামবাণ ১০০ বটী ৸০ আনা।

**ধাতুদৌর্ব্বল্যে**—মদনানন্দমোদক ।১০ পোয়া ১৲, বৃহৎ চন্দ্রোদয় মকরধ্বজ ৭ বটী ৸০ আনা।

**কাসে**—চন্দ্রামৃতরস ৫০ বটী ৸০ টাকা, চ্যবনপ্রাশ ।১ সের ৩৲ টাকা।

ঠিকানা:—

**কবিরাজ শ্রীসতীশচন্দ্র সেন কবিভূষণ**

গঙ্গাধর নিকেতন, মালদহ।

## গহনার দোকান।

আমরা সর্ব্বপ্রকার চাঁদি ও সোণার গহণা অল্প মজুরীতে সত্বর তৈয়ার করিয়া দিতেছি। ৺পূজা আসিতেছে এ সময়ে যাঁহারা গহনা তৈয়ার করাইবেন তাঁহারা আমাদের দোকানে আসিতে ভুলিবেন না। নির্দ্দিষ্ট সময়ে কাজ দিয়া থাকি ইহাই আমাদের বিশেষত্ব। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীঅশ্বিনীকুমার দাস, রঘুনাথগঞ্জ।

গাঁজার দোকানের পার্শ্বে।


বসাকের "চেষ্টার জল—চেষ্টার ফল"

## বসাক ও কহিনূর ট্রাঙ্ক।

যাহা সমগ্র ভারতে কেহ পারিল না, ব... সাধন করিয়াছে। কেবল এই ট্রাঙ্কগুলি নহে, ... সমস্ত ট্রাঙ্ক প্রস্তুতের মেসিনগুলি পর্য্যন্ত বসাকের নিজ উদ্ভাবিত এবং নিজ কারখানায় প্রস্তুত।

ইহাদের ডালার উপরে তিন অঙ্গুলি অন্তর যে সকল আধ গোলা ডাসা আছে, উহাদের প্রত্যেকটী আধ মণ ওজনেরও বেশী ভার সহিতে পারে। আবার সমস্ত গায়ে তলা পর্য্যন্ত ঘন ঘন "চুরি" তোলা।

তুলনায় ইহার মত দেখিতে সুন্দর, মজবুত ও সস্তা ট্রাঙ্ক আর নাই।



কহিনুর ১নং ট্রাঙ্ক।

**বসাক ফ্যাক্টরী, ৩নং ব্রজদুলাল ষ্ট্রীট, কলিকাতা।**

টেলিগ্রাফের ঠিকানা—"সিনকোনা" কলিকাতা।

ফোন নং ২১৮৩, বড়বাজার।

## ইকনমিক ফার্ম্মেসী

হোমিওপ্যাথিক ঔষধ

ড্রাম /৫, /১০

পোষ্টবক্স—৬৬৩] [টেলিগ্রাম—সিমিলিকিওর

চিকিৎসার বাক্স—১২, ২৪, ৩০, ৪৮, ৬০, ৮৪, এবং ১০৪ শিশি ঔষধ। একখানি গৃহ চিকিৎসার পুস্তক ও ফোঁটা ফেলা যন্ত্রসহ মূল্য যথাক্রমে ২৲, ৩৲, ৩৷০, ৫।০, ৬৷৵০, ৮৸৵০, ১০৸৵০। ইংরাজী বাঙ্গলা পুস্তক, সুগার অফ্ মিল্ক, গ্লোবিউল, শিশি, কর্ক, থার্ম্মোমিটার ইত্যাদি সুলভ।

**এম, ভট্টাচার্য্য এণ্ড কোং**

৮৪ নং ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা।

